দৈনিক সংবাদ

০৭

তারিখ 10 AUG 1997
পৃষ্ঠা: ২ কলাম ১

শিক্ষা সপ্তাহ

# রাঃবিঃতে সপ্তাহব্যাপী কর্মসূচি শুরু

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ৯ই আগস্ট (বিশ্ববিদ্যালয়সংবাদদাতা)।—বিশ্ববিদ্যালয় পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৭ আজ থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে। সকাল ১০টায় কাজী নজরুল ইসলাম মিলনায়তনে রাজশাহী বিশ্ববিদ্যালয় জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৭ পরিচালনা কমিটির সভাপতি প্রফেসর শিশির কুমার ভট্টাচার্যের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন রাকসুর কোষাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ নুরুল্লাহ, রেজিস্ট্রার অধ্যাপক মোহাম্মদ ইউনুস ও রাঃবিঃ শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোঃ শহিদুল ইসলাম। শিক্ষা সপ্তাহ উপলক্ষে আজ থেকে ১৬ই আগস্ট পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে সপ্তাহব্যাপী সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

## ভর্তি পরীক্ষা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে বিভাগভিত্তিক ভর্তি পরীক্ষা আজ থেকে শুরু হয়েছে। ব্যাপক নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে শান্তিপূর্ণভাবে আজ পদার্থ বিজ্ঞান, হিসাব বিজ্ঞান ও গণিত বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়।